

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চাটমোহর, পাবনা।

সমাজ শাহী মসজিদ ওয়াক্ফ দিঘি/পুকুর ইজারা বিজ্ঞপ্তি :


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চাটমোহর উপজেলাধীন নিম্ন তপশীলে বর্ণিত সমাজ শাহী মসজিদ ওয়াক্ফ দিঘি/পুকুর শর্ত সাপেক্ষে ১৪২৪ বাংলা সনের ১লা বৈশাখ হতে ১৪২৬ বাং সনের ৩০শে চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে আগামী ১৪/০৩/২০১৭ খ্রি: তারিখ সকাল ১১.০০ টার সময় সমাজ শাহী মসজিদ প্রাঙ্গণে প্রকাশ্যে নিলাম ডাকের মাধ্যমে ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গ/মৎস্যজীবীগণ নির্ধারিত তারিখ ও সময়ে বর্ণিত স্থানে উপস্থিত হয়ে ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সমাজ শাহী মসজিদ ওয়াক্ফ দিঘি/পুকুর তফসীল :

মৌজা নং	খতিয়ান নং	দাগ নং	পরিমাণ
সমাজ	আর এস- ৩৭৯	৭৫২	৮.৫১ একর

শর্তাবলী :

- ০১। ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তি/মৎস্যজীবিকে ইজারার নিমিত্তে নিধারিত সময়ের আধা ঘন্টা পূর্বে নাম লিখতে হবে। নাম লেখানোর সময় জামানত হিসেবে ১,০০,০০০/= (এক লক্ষ) টাকা নগদ জমা দিতে হবে (ফেরত যোগ্য)।
- ০২। সর্বোচ্চ ডাককারীর ডাক গ্রহণ করা হবে। ডাক শেষ হওয়ার সাথে সাথে যার ডাক গ্রহণ করা হবে তাকে ডাকের সমুদয় অর্থ্যাৎ ১৪২৪ বাংলা সালের টাকার ৫০% টাকা জমা প্রদান করতে হবে। অবশিষ্ট ৫০% ভাগ টাকা পরবর্তী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে জমা প্রদান করতে হবে এবং ৩৫০/= টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্প নিজ দায়িত্বে চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তিনামার শর্ত মোতাবেক পরবর্তী বছর সমূহের টাকা পরিশোধ করতে হবে। চুক্তিনামার কোন শর্ত ভঙ্গ করলে বা খেলাপ করলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত টাকা বাতিল বলে গণ্য হবে।
- ০৩। ইজারাদার কর্তৃক দিঘি/ পুকুরের সীমানা বহাল রাখতে হবে এবং পুকুরের পাড় সংরক্ষণ করতে হবে। পুকুরে মাছ চাষ ছাড়া অন্য কোন কিছুর চাষ বা আবাদ করা যাবে না।
- ০৪। ইজারাদার কোন ক্রমেই ইজারা প্রাপ্ত পুকুর অন্য কারো নিকট সাবলীজ দিতে পারবে না।
- ০৫। যে কোন দর বা সর্বোচ্চ দর গ্রহণ বা বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং প্রয়োজনে উল্লিখিত শর্ত সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।



(শেহেলী লায়লা)
উপজেলা নির্বাহী অফিসার
চাটমোহর, পাবনা।

স্মারক নং ০৫.৪৩.৭৬২২.০০০.১৭.০০৬.১৭-১১২(৭০)
অনুলিপি ৪ সদয় জ্ঞাতার্থে ৪

তারিখ : ২৭/০৩/২০১৭খ্রি:।

০১। জেলা প্রশাসক, পাবনা।

জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য ৪


০১। উপজেলা (সকল) চাটমোহর, পাবনা।

০২। চেয়ারম্যান ইউপি (সকল) চাটমোহর, পাবনা।

০৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল) চাটমোহর, পাবনা।

০৪। ইমাম/হাফেজ/মুয়াজ্জিন/খাদেম, সমাজ শাহী মসজিদ, চাটমোহর, পাবনা। মাইক যোগে ব্যাপক প্রচারের জন্য।

০৫। জনাব



(শেহেলী লায়লা)
উপজেলা নির্বাহী অফিসার
চাটমোহর, পাবনা।